



জেনে রাখুন

হয়রানী(Stalking) কি?



Stalking হচ্ছে কাউকে নির্যাতন বা হুমকি দেয়া অথবা কাউকে শারিরিক বা মানসিকভাবে প্রতারণা করা।

এই হয়রানী (**Stalking**) কোন দম্পতি একই সঙ্গে থাকার সময় কিংবা সম্পর্কচ্ছেদের সাথে সাথেও ঘটতে পারে। একজন হয়রানীকারক (**stalker**) তার সঙ্গীকে ফিরিয়ে আনার জন্য চেষ্টা করতে পারে কিংবা তার সঙ্গীকে বাড়ী ছেড়ে চলে যাওয়ার জন্য শাস্তি দিতে চাইতে পারে।

তবে কারন যাইহোকনা কেন নির্যাতিত ব্যক্তি (**victim**) সবসময়ই তার নিরাপত্তার জন্য শঙ্কিত থাকে।

হয়রানীকারক (**Stalker**) নির্যাতনের জন্য ব্যক্তি (**victim**) এর বাসার কাছে, কাজের জায়গায়, আসা যাওয়ার পথে অথবা অন্য যে কোন জায়গায় কিংবা ইন্টরনেটের মাধ্যমেও জ্বালাতন করতে পারে। হয়রানী (**Stalking**) ফোনের মাধ্যমে,

মানুষ দিয়ে এমনকি **online** -এ বিরক্ত করাও হতে পারে। হয়রানীকারক (**stalker**) কখনও নিজেকে দেখা দেয় না।

হয়রানীকারক (**Stalker**) যে সকল কৌশল অবলম্বন করে থাকে তা হলো:

- বার বার ফোন করা এবং কখনও কখনও ফোন **hang up** করে রাখা।
- অনুসরণ করা/পিছু নেয়া।
- ব্যক্তিটিকে (**victim**) পাবলিক রেকর্ড (**public record**) কিংবা অনলাইনের মাধ্যমে খুঁজে বের করা।
- লুকানো ক্যামেরার মাধ্যমে দেখা/নজরদারী করা।
- অফিসে, বাসায় কিংবা স্কুলে গিয়ে হঠাৎ করে ব্যক্তিটিকে (**victim**) দেখা দেয়া।
- ই'মেইল পাঠানো কিংবা **instant messenger** এর মাধ্যমে চ্যাট করা।
- অবাঞ্ছিত উপহার, কার্ড, চিঠি পাঠানো।
- ব্যক্তিটির (**victim**) ফোন এবং কম্পিউটার ব্যবহার এর উপর নজর রাখা।
- ব্যক্তিটির (**victim**) বন্ধু, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীর থেকে তথ্য সংগ্রহ করা।
- ব্যক্তিটির (**victim**) প্রিয় জিনিস বা মানুষকে আঘাত করা বা ক্ষতি করার হুমকি দেয়া।
- ব্যক্তিটির (**victim**) এর সম্পদ/সম্পত্তি বা মূল্যবান জিনিস নষ্ট করা বা হুমকি দেয়া।

হয়রানী (**Stalking**) কখনও সংঘাতের মধ্য দিয়ে শেষ হতে পারে।

এক্ষেত্রে নারী এবং পুরুষ উভয়ই সমান ভয়ঙ্কর হতে পারে। অনেক সময়ই হয়রানীকারক (**Stalker**) বাবা, মা, সঙ্গী কিংবা নিরাপত্তারক্ষীকে আঘাত কিংবা খুন করে থাকে।

NIRNOY home of counseling, training & research

House 34, Unit 603, Road 9A, Dhanmondi
Dhaka-1209

Telephone: 88-01910644394

Email: info@nirnoy-counseling-tr-bd.org

Website: www.nirnoy-counseling-tr-bd.org